# আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ২০৯

## আরবি মূল আয়াত:

ذِكۡرٰی ۟ۛ وَ مَا کُنَّا ظٰلِمِیۡنَ ﴿۲۰۹﴾

## অনুবাদসমূহ:

এটা উপদেশস্বরূপ; আর আমি যালিমদের অন্তর্ভুক্ত ছিলাম না। — আল-বায়ান

স্মরণ করানোর জন্য। আমি কখনো অন্যায়কারী নই। — তাইসিরুল

এটা উপদেশ স্বরূপ, আর আমি অত্যাচারী নই। — মুজিবুর রহমান

As a reminder; and never have We been unjust. — Sahih International

### ২০৯. (তাদের জন্য) স্মরণ হিসেবে, আর আমরা যুলুমকারী নই,

-

তাফসীরে জাকারিয়া

### (২০৯) এ উপদেশস্বরূপ, আর আমি অন্যায় করতে পারি না। [1]

[1] অর্থাৎ, রসূল প্রেরণ না করে ও সতর্ক না করে আমি যদি কোন বস্তীকে ধ্বংস করতাম, তাহলে আমি অত্যাচারী হিসাবে গণ্য হতাম। আমি এরূপ যুলুম করিনি। বরং ন্যায়-সংগতভাবে আমি প্রথমে প্রত্যেকটি বসতির (জাতির) নিকট রসূল প্রেরণ করেছি, যে তাদেরকে আল্লাহর আযাব হতে সতর্ক করেছে। অতঃপর যখন তারা রসূলের কথা অমান্য করেছে, তখন আমি তাদেরকে ধ্বংস করেছি। এই বিষয়টি সূরা বনী-ইস্রাঈলের ১৫নং ও ক্বাস্বাস্বের ৫৯নং আয়াতে বর্ণিত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3141

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন